

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ১৭, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ২ জ্যৈষ্ঠ ১৪১১/১৬ মে ২০০৮

এস, আর, ও নং ১৩২-আইন/২০০৮।—যেহেতু The Essential Services (Second) Ordinance, 1958 (E.P.Ord. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর section 3 এর sub-section (1) -এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ২০-০৫-২০০৩ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৩৩ আইন/২০০৩ দ্বারা বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে এবং প্রজ্ঞাপন নং এস, আর, ও ৩২১-আইন/২০০৩ তারিখ ১৯-১১-২০০৩ দ্বারা উক্ত Ordinance এর প্রযোজ্যতা আরও ৬ (ছয়) মাস বর্ধিত করা হইয়াছে, যাহার মেয়াদ আগামী ১৯-০৫-২০০৮ তারিখে শেষ হইবে; এবং

যেহেতু বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রয়োগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আগামী ২০-০৫-২০০৮ তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) পরবর্তী ছয় মাস পর্যন্ত বর্ধিত করিল।

রষ্ট্রেপতির আদেশক্রমে

মোঃ আবু জাফর
যুগ্ম-সচিব (শ্রম)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২৯৯৫)

মূল্য : টাকা ১-০০